গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কামারখন্দ,সিরাজগঞ্জ
**kamarkhanda.sirajganj.gov.bd**

জনকল্যাণে সঠিক ও সময়োচিত পরিসংখ্যান

নং-০৫.৪৩.৮৮৪৪.০০২.৩৬.০০১.১৯-৩৮ (১৫)

তারিখ: ০৭/০১/২০২০ খ্রিঃ

# নিয়োগবিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর লিস্টিং অপারেশন কার্যক্রমে '**তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার**' পদে নিয়োগের লক্ষ্যে নিম্ন বর্ণিত শর্তে শুধুমাত্র **কামারখন্দ উপজেলার স্থায়ীভাবে বসবাসকারী বাসিন্দাদের** নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র:নং | পদেরনাম | প্রার্থীরশিক্ষাগতযোগ্যতা ও অন্যান্যযোগ্যতা |
|---|---|---|
| ০১ | সুপারভাইজার | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ (Marshmallow)বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্টফোনের স্ক্রীন সাইজ নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে।<br>৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ২৫-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৭)উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে। |
| ০২ | তালিকাকারী/গণনাকারী | ১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে।<br>২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে।<br>৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ (Marshmallow) বা তদুর্ধ্ব হতে হবে।<br>৪) স্মার্ট ফোনের স্ক্রীন সাইজ নুন্যতম ৫.০(পাঁচ) ইঞ্চি হতে হবে।<br>৫) স্মার্টফোনে বাংলা ও ইংরেজি টাইপিং এ পারদর্শী হতে হবে।<br>৬) ০১/০২/২০২০ তারিখে বয়স ১৮-৪০ বৎসরের মধ্যে হতে হবে।<br>৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়াহবে। |

**শর্তাবলী:**

১।উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (**bbs.kamarkhanda.sirajganj.gov.bd**) অথবা উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট (**kamarkhanda.sirajganj.gov.bd** ) থেকে আবেদনের নির্ধারিত ফরম ডাউনলোড করে অথবা সংশ্লিষ্ট /ইউনিয়ন পরিষদ থেকে সংগ্রহ করে স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে।

২। লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তালিকার তথ্য সংগ্রহ করতে হবে।

৩। **লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।**

৪। নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণের জন্য ৫০% সংরক্ষিত থাকবে।

৫। লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজার গণের কার্যক্রম সন্তোষজনক মর্মে প্রতীয়মান হলে তারা জোনাল অপারেশন সহ মূল শুমারিতে ও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।

৬। লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।

৭ ।ভূল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।

৮। সকল পদের আবেদন ফরম এর সাথে সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত কপি, নাগরিক সনদপত্র, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি (যদি থাকে), ১ কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করেবদ্ধ খামের উপর ডান পাশে পদের নাম ও ইউনিয়ন/উল্লেখপূর্বক আগামী ২০/০১/২০২০ খি: তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে।

৯। সাক্ষাতকারের মাধ্যমে প্রার্থী চূড়ান্ত করা হবে, প্রয়োজনে লিখিত পরিক্ষা নেওয়া হবে। সাক্ষাতকারের তারিখ ও সময়সূচি ওয়েবসাইট এ প্রকাশ করা হবে। ডাক যোগে কোন কিছু জানানো হবে না।

১০। প্রকল্পের সংস্থান অনুযায়ী সম্মানী প্রদান করা হবে। সম্মানীর টাকা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ও প্রদান করা হতে পারে।

১১। নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাৎক্ষণিক ভাবে বাতিল হয়ে যাবে।

১২। **পদ সংখ্যা কম/বেশি হতে পারে।**

১৩। **ইউনিয়ন ওয়ারি শূন্য পদে সংখ্যা ওয়েবসাইট এ পাওয়া যাবে।**

১৪। **নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।**

০৭.০১.২০২০
মোঃ জাহাঙ্গীর আলম
উপজেলা নির্বাহী অফিসার
কামারখন্দ, সিরাজগঞ্জ
ও
সভাপতি
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন
কমিটি
কামারখন্দ, সিরাজগঞ্জ

নং-০৫.৪৩.৮৮৪৪.০০২.৩৬.০০১.১৯-৩৮ (১৫) তারিখ: ০৭/০১/২০২০ ইং

**অনুলিপিঃ** কার্যার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্মপরিচালক,বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।

২। উপপরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, সিরাজগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা/ প্রাথমিক শিক্ষা/মহিলা বিষয়ক/ পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কামারখন্দ,সিরাজগঞ্জ।

৫।চেয়ারম্যান,...................................ইউনিয়ন পরিষদ, কামারখন্দ, সিরাজগঞ্জ ( বিজ্ঞপ্তিটি আপনার ইউনিয়নে প্রচারের অনুরোধ করা হলো)

৬। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর ,উপজেলা কার্যালয়, কামারখন্দ, সিরাজগঞ্জ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৭। জনাব.............................................................................।

৮। নোটিশ বোর্ড/অফিস কপি।

৭.১.২০

সহকারী পরিসংখ্যান কর্মকর্তা
কামারখন্দ, সিরাজগঞ্জ
ও
সদস্য-সচিব
জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
কামারখন্দ, সিরাজগঞ্জ

জনশুমারি ও গৃহগণনা আবেদন ফরম

| পাসপোর্ট সাইজের ১ কপি সত্যায়িত ছবি |
|---|

বরাবর,
উপজেলা নির্বাহী অফিসার
কামারখন্দ, সিরাজগঞ্জ

পদেরনামঃ.......................................পদে আবেদন।

| | | | |
|---|---|---|---|
| ১. | প্রার্থীর নাম | ইংরেজি বড় অক্ষরে | : |
| ২. | পিতার নাম | ইংরেজি বড় অক্ষরে | : |
| ৩. | মাতার নাম: | ইংরেজি বড় অক্ষরে | : |
| ৪. বর্তমান ঠিকানা (ইংরেজি বড় অক্ষরে) | | C/O | : |
| | | VILLAGE | : |
| | | POST OFFICE | : |
| | | UNION/ | : |
| | | UPAZILLA | : |
| ৫. | জাতীয় পরিচয় পত্র নম্বর না থাকলে জন্মনিবন্ধন নম্বর ( ইংরেজিতে) | | : |
| ৬. | জন্ম তারিখ (ইংরেজিতে) | | : |
| ৭. | শুমারি/জরিপকাজের অভিজ্ঞতা থাকলে শুমারি জরিপের নাম(একাধিক হলে একাধিক নামলিখুন) | | : |
| ৮. | মোবাইল নাম্বার (ইংরেজিতে) | | : |
| ৯. নিজস্ব স্মার্ট ফোনের বিবরণ | | ফোনের Android Version | |
| | | ফোনের স্ক্রীন সাইজ | ...................ইঞ্চি |

১০.শিক্ষাগত যোগ্যতা

| পরিক্ষারনাম | বিভাগ/বিষয় | জিপিএ/শ্রণি | পাশেরসন | বোর্ড/বিশ্ববিদ্যালয় |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

প্রার্থীর স্বাক্ষর ও তারিখ

সংযুক্তিসমূহঃ
১.সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত কপি।
২.জাতীয় পরিচয় পত্র বা জন্ম নিবন্ধন সনদ পত্রের সত্যায়িত কপি ও নাগরিক সনদ পত্রের কপি।